

39752 - যার ধারণা ছিল নফল রোয়ার মত কায়া রোয়াও শুরু করে ভেঙে ফেলা যায়

প্রশ্ন

আমি আমার স্ত্রীর সাথে দিনের বেলায় তার রম্যানের ভঙ্গৃত কায়া রোয়া রাখা অবস্থায় সহবাস করেছি। কারণ আমার ধারণা ছিল কায়া রোয়ার বিধানও নফল রোয়ার বিধানের মত। পরবর্তীতে আমি ভিন্ন কথা শুনেছি। সুতরাং এ মাসয়ালার ভুকুম কী? এতে কি আমার উপর কোন কিছু আবশ্যিক হবে?

প্রিয় উত্তর

রম্যানের কায়া রোয়া পালন ওয়াজিব রোয়া রাখার অন্তর্ভুক্ত; যে রোয়া কোন শরয় ওজর ছাড়া বাতিল করা কারো জন্য জায়েয নয়। অতএব, কোন ব্যক্তি যদি কায়া রোয়া পালন শুরু করে তার উপর আবশ্যিক হল উক্ত রোয়া সম্পূর্ণ করা। এই রোয়া নফল রোয়ার মত নয়। নফল রোয়া পালনকারী নিজেই নিজের কর্তা; যখন ইচ্ছা তখন ভেঙে ফেলতে পারে, চাইলে নাও ভাঙতে পারে। দেখুন: [49985](#) নং প্রশ্নোত্তর।

উম্মে হানী (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন: ইয়া রাসূলুল্লাহ আমি তো রোয়াদার ছিলাম; কিন্তু রোয়া ভেঙে ফেলেছি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন: আপনি কি কোন কায়া রোয়া পালন করছিলেন? উম্মে হানী (রাঃ) বললেন: না। তখন তিনি বললেন: যদি নফল রোয়া হয় তাহলে কোন ক্ষতি নাই।" [সুনানে আবু দাউদ (২৪৫৬), আলবানী হাদিসটিকে সহিত বলেছেন] এ হাদিসটি প্রমাণ করে যে, যদি এটা ফরয রোয়া হয় তাহলে তার ক্ষতি করবে। এখানে ক্ষতি দ্বারা উদ্দেশ্য হচ্ছে- গুনাহ।

কিন্তু আপনাদের স্বামী-স্ত্রীর মাঝে যা ঘটেছে সেটার ব্যাপারে কথা হচ্ছে: কেবল রম্যান মাসের দিনের বেলায় স্ত্রী সহবাসের কারণে স্ত্রী-সহবাসের কাফ্ফারা ওয়াজিব হয়; অন্যথায় নয়। অতএব, আপনার উপর এমন কিছু আবশ্যিক হবে না। আপনার স্ত্রীর উপর উক্ত দিনের রোয়াটি কায়া করা আবশ্যিক হবে। তবে আল্লাহর কাছে তাওবা করতে হবে এবং এমন কর্মে পুনরায় লিপ্ত না হওয়ার ব্যাপারে দ্রুত সংকল্প করতে হবে।

ইবনে রুশদ বলেন: "রম্যানের কায়া-রোয়া ইচ্ছা করে ভেঙে ফেললেও কাফ্ফারা ওয়াজিব হবে না। কেননা উক্ত কায়া রোয়ার ক্ষেত্রে এমন পরিব্রতা নেই যা মূল সময়ের (তথা রম্যানের) রয়েছে।" [বিদায়াতুল মুজতাহিদ (১/৮০)]

স্থায়ী কমিটির ফতোয়া সমগ্রতে (১০/৩৫২) এসেছে: "কাফ্ফারা ওয়াজিব হয় এমন ব্যক্তির উপর যে ব্যক্তি রম্যান মাসে সহবাস করেছে— সময়ের পরিব্রতার কারণে। পক্ষান্তরে, আলেমগণের বিশুদ্ধ মতানুযায়ী কায়া রোয়ার ক্ষেত্রে কাফ্ফারা ওয়াজিব হয় না।"